

“মুজিবর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.৯৯.০০৪.২০-৪৪০


তারিখ: ১৬ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ
০২ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ

বিজ্ঞপ্তি

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় সারাবিশ্বে হোম কোয়ারেন্টাইন (নিজ গৃহে সার্বক্ষণিক অবস্থান) একমাত্র কার্যকর উপায় হিসাবে ব্যবহার করা হচ্ছে। দেশে প্রত্যাগত প্রবাসী বাংলাদেশীদের মাধ্যমে বাংলাদেশে এই ভাইরাস সংক্রমণের উচ্চ ঝুঁকি রয়েছে। এমতাবস্থায়, বিদেশ প্রত্যাগত নাগরিকদের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করা অতীব জরুরী।

করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় জাতীয়, বিভাগীয়, সিটি কর্পোরেশন এলাকায়, পৌরসভা, জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদ পর্যায়ে কমিটি গঠিত হয়েছে। হোম কোয়ারেন্টাইন নিশ্চিতকরণে সংশ্লিষ্ট কমিটি প্রয়োজ্য ক্ষেত্রে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করবেনঃ


১. হোম কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিবর্গ ১৪ (চৌদ্দ) দিন ঘরের বাইরে বের হবেন না এবং নিজ বাড়ির নির্ধারিত একটি কক্ষে অবস্থান করবেন;
২. পরিবারের অন্যান্য সদস্য দেশে প্রত্যাগত সদস্যের হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করবেন;
৩. গঠিত কমিটিসমূহ সম্প্রতি বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের বাড়ী চিহ্নিত করবেন এবং তাদের গৃহে সার্বক্ষণিক অবস্থানের বিষয়ে তদারকি করবেন;
৪. গঠিত কমিটিসমূহ হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট এলাকার ধানপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা-কর্মচারী, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ (যেমন: পৌর মেয়র, পৌর কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান, ওয়ার্ড মেম্বর, ইউনিয়ন ডুমি সহকারী কর্মকর্তা, স্বাস্থ্য সহকারী, কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার, পরিবার কল্যাণ সহকারী, পরিবারকল্যাণ পরিদর্শিকা, গ্রাম পুলিশ, স্থানীয় সাংবাদিক) বিদেশ প্রত্যাগত ব্যক্তি সম্পর্কে অবহিত করে হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে প্রয়োজন অনুযায়ী সম্পৃক্ত করতে হবে;
৫. কোয়ারেন্টাইনকৃত ব্যক্তির আত্মীয়-সজন, বন্ধু-বান্ধব উক্ত ব্যক্তির সংস্পর্শে আসতে পারবেন না;
৬. যদি কোয়ারেন্টাইনকৃত ব্যক্তি উপর্যুক্ত নিয়ম ভঙ্গ করেন, তবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ সংশ্লিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য কর্মকর্তা এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সহায়তা গ্রহণ করবেন;
৭. প্রয়োজনে ৩নং ক্রমিকে বর্ণিত ব্যক্তিবর্গ সংশ্লিষ্ট জেলা প্রশাসক, পুলিশ সুপার, উপজেলা চেয়ারম্যান, সিভিল সার্জন, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অবহিত করবেন;
৮. হোম কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিগণ অসুস্থ হলে স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ এবং প্রয়োজনে স্থানীয় সিভিল সার্জন, হাসপাতালের তত্ত্বাবধায়ক ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন। তারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;
৯. কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তিগণ যদি নিয়ম ভঙ্গ করেন তাহলে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ অনুযায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত আইনে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ ব্যবস্থা গ্রহণ করবেন;
১০. প্রতিদিন এ বিষয়ে জেলা ভিত্তিক একটি প্রতিবেদন তৈরিপূর্বক সংশ্লিষ্ট সিভিল সার্জন নিয়ন্ত্রণ কক্ষ স্বাস্থ্য অধিদপ্তরের ই-মেইল controlroomdghs@yahoo.com ও মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ই-মেইল hsdcontrolroom@gmail.com এ প্রেরণ করবেন।


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সিনিয়র সচিব (সকল).....
৫. সচিব (সকল).....
৬. সচিব, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (উল্লিখিত গণবিজ্ঞপ্তিটি বিটিভিসহ সকল সরকারি বেসরকারি প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় জরুরিভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৭. মেয়র/পৌর মেয়র (সকল জেলা),
৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯. মহাপরিচালক, তথ্য অধিদপ্তর, ঢাকা (উল্লিখিত গণবিজ্ঞপ্তিটি বিটিভিসহ সকল সরকারি বেসরকারি প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় জরুরিভিত্তিতে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
১০. বিভাগীয় কমিশনার (সকল).....
১১. পরিচালক (স্বাস্থ্য) (সকল).....
১২. জেলা প্রশাসক (সকল).....
১৩. পুলিশ সুপার (সকল).....
১৪. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. সিভিল সার্জন (সকল).....
১৬. ইউএইচএফপিও (সকল).....(উল্লিখিত গণবিজ্ঞপ্তিটি কমিউনিটি ক্লিনিক পর্যায় পর্যন্ত পৌছানোর জন্য অনুরোধ করা হল)।
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. জনসংযোগ কর্মকর্তা (পিআরও), মাননীয় মন্ত্রীর দপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (উল্লিখিত গণবিজ্ঞপ্তিটি বিটিভিসহ সকল সরকারি বেসরকারি প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় জরুরিভিত্তিতে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
১৯. প্রধান, স্বাস্থ্য শিক্ষা বুরো, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা। [এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
২০. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট সকলকে ই-মেইল ও মোবাইল ম্যাসেজে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।


১৬.০৩.২০২০
(খন্দকার জাকির হোসেন)
উপসচিব